**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 FEBRUARY 2025** **7:35AM**

==============================================================

আসামের নেতৃত্বে সমগ্র উত্তর পূর্বাঞ্চল নতুন ভবিষ্যতের সূচনা করার পথে অগ্রসর হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল গুয়াহাটিতে অনুষ্ঠিত দ্বিতীয় এডভান্টেজ আসাম- বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলনের উদ্বোধন করে একথা বলেন । প্রধানমন্ত্রী বলেন যে- বর্তমান সময়ে ভারত এক পা এক পা করে এগিয়ে যাওয়ার পাশাপাশি একবিংশ শতাব্দীর আগামী ২৫ বছরের দীর্ঘমেয়াদী লক্ষ্য মাথায় রেখে বৃহৎ পরিসরে কাজ করছে । দ্বিতীয় এডভান্টেজ আসামের উদ্বোধনী ভাষণে প্রধানমন্ত্রী বিভিন্ন দেশের প্রতিনিধি এবং দেশ-বিদেশের বিনিয়োগকারীদের সামনে আসামের নিজস্ব পরিচয় স্বরূপ চা শিল্পের দুশো বছর সম্পূর্ণ হওয়ার কথা স্মরণ করেন । প্রধানমন্ত্রী বলেন যে- এই চা শিল্প বর্তমানে অন্যান্য শিল্পকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রেরণা যোগাচ্ছে । আসামের জাগীরোডে স্থাপন করতে যাওয়া সেমি কন্ডাক্টর প্রকল্প আগামী সময়ে উত্তর-পূর্বাঞ্চলের পরিচয় হয়ে উঠবে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন যে- আগামীতে ভারত সেমি কন্ডাক্টর ক্ষেত্রে বিশ্বের প্রথমসারীর দেশ হয়ে উঠবে এবং এই প্রকল্পের মাধ্যমে আসামের অর্থনীতিও সুদৃঢ় হবে । প্রধানমন্ত্রী বিনিয়োগকারীদের আসামে বিনিয়োগের জন্য এগিয়ে আসার আহ্বান জানান ।

অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয়সংস্করণে রাজ্যের বিনিয়োগ ক্ষেত্রে গতকাল ১ লক্ষ ৮৯ হাজার কোটি টাকার সমঝোতা চুক্তি সাক্ষরিত  হয়েছে ।

---

আসাম বর্তমানে দেশের বিকাশের ইঞ্জিনে পরিণত হয়েছে । কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো গুয়াহাটীতে আয়োজিত দ্বিতীয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনে অংশ নিয়ে জানান যে  গৌহাটী রেল স্টেশনে ১২ তলা  উচ্চতার তথ্য প্রযুক্তি কেন্দ্র  গড়ে তোলা হবে ।  শ্রী বৈষ্ণ আরো জানান যে গত কয়েক বছরে উত্তর-পূর্ব সীমান্ত রেলের অধিনে এক হাজার কিলোমিটারেরও অধিক দৈর্ঘ্যের নতুন রেলপথ নির্মাণ করা হয়েছে । সেইসঙ্গে  লামডিংয়ে রেল ইঞ্জিন পুর্ন নির্মাণের কারখানা এবং মোবাইল ফোন নির্মাণ কারাখানা স্থাপন করার কথাও ঘোষণা করেন ।

---

এডভেনটেজ আসামের স্বাগত ভাষনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান আসাম অভূতপূর্ব ইতিবাচক পরিবর্তনের সাক্ষী হয়েছে ।  মূখ্যমন্ত্রী ডঃ শর্মা দেশ-বিদেশের ব্যবসায়ী ও শিল্পপতিদের রাজ্যে বিনিয়োগ করার আহ্বান জানিয়ে তাঁদের বিনিয়োগের জন্য উপযুক্ত পরিবেশ প্রদানের প্রতিশ্রুতি দেন ।

মূখ্যমন্ত্রী জানান যে ------- বাইট

---

এডভেনটেজ আসামের দ্বিতীয় সংস্করনে কাছাড় জেলা প্রশাসন ও  জেলার ৩৯ জন শিল্পপতির মধ্যে গতকাল   ১৮৬ কোটী ৭০ লক্ষ টাকার সমঝোতা চুক্তি সাক্ষরিত হয়েছে । উল্লেখ্য কাছাড় জেলায় ৮৮ জন শিল্পপতি বিনিয়োগের ক্ষেত্রে আগ্রহ প্রকাশ করেছেন ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের সঙ্গে ৯১ জন শিল্পপতির  সাক্ষরিত মৌ চুক্তিতে ৩২ কোটী টাকার বিনিয়োগ নিশ্চিত হয়েছে । এই বিনিয়োগ স্থানীয় শিল্প ও বানিজ্যের বিকাশে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা প্রকাশ করা হচ্ছে । অনুষ্ঠানে হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম ,জেলা উন্নয়ন আয়ুক্ত ই এল ফাইরেন প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলায়ও গতকাল অ্যাডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণ উপলক্ষ্যে ৩২ জন শিল্পোদ্যোগীদের পক্ষে জেলা প্রশাসনের সঙ্গে ১২১ কোটি টাকার  সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে । এ উপলক্ষ্যে  শ্রীভূমি জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে শিল্পোদ্যোগীদের এক সভা অনুষ্ঠিত হয় ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে গতকাল গুয়াহাটিতে স্বাগত জানানোর সময় রাজ্যের বিভিন্ন লোকনৃত্যের সঙ্গে ধামাইল নৃত্যকেও অর্ন্তভুক্ত করায় শিলচরের সম্মিলিত লোকমঞ্চের পক্ষ থেকে মূখ্যমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে । মঞ্চের সভাপতি ডক্টর অনুপ কুমার রায় জানান যে ২০২২ সাল থেকে ধামাইলকে স্বীকৃতি প্রদানের জন্য প্রয়াস শুরু হয়েছে ।

এর পরিপ্রেক্ষিতে প্রথমে  বরাক উপত্যকার তিন জেলা ভিত্তিক, পরবর্তীতে বরাক উপত্যকা ভিত্তিক ধামাইল নৃত্য প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া সমগ্র বিশ্বের সঙ্গে সঙ্গতি রেখে গত ২৬শে মে এই উপত্যকায় আর্ন্তজাতিক ধামাইল দিবসও পালন করা হয়েছে । সংস্থার পক্ষ থেকে বিহু ও ঝুমুর নৃত্যের মতো সরকারী উদ্যোগে ধামাইল নৃত্যকে আর্ন্তজাতিক স্তরে নিয়ে যাওয়ার জন্য উদ্যোগ গ্রহনের দাবী জানানো হয়েছে ।

---

আজ মহাশিবরাত্রি । এ উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন প্রান্তে  মহাদেবের আরাধনার জন্য ব্যাপক প্রস্তুতি চলছে । বরাক উপত্যকার তিন জেলায়ও মহা শিবরাত্রি পালনের প্রস্তুতি অব্যাহত রয়েছে । এ উপলক্ষ্যে তিন জেলার শিব মন্দিরগুলি সাজিয়ে তোলা হয়েছে । এদিকে ঐতিহ্যবাহী ভুবন পাহাড়ে  মহাশিবরাত্রি উপলক্ষ্যে গতকাল থেকেই ভক্তদের  পাহাড়ের উদ্দেশ্যে তীর্থযাত্রা শুরু হয়েছে । কাছাড় জেলা প্রশাসন এ উপলক্ষ্যে পূণ্যার্থীদের সুবিধের জন্য সবধরণের ব্যবস্থা গ্রহন করেছে । স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার প্রতি লক্ষ্য রেখে ভুবন মেলা প্রাঙ্গণে ১০০ টি অস্থায়ী শৌচাগার স্থাপন করা সহ তীর্থযাত্রীদের বিশ্রামের জন্য বিভিন্ন স্থানে বিশ্রাম শিবিরের ব্যবস্থাও রয়েছে । এদিকে মেলা স্থলে চিকিৎসা সেবা ও  নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আজ থেকে টি-টুয়েন্টি ব্লাস্ট প্রতিযোগিতা শুরু হয়েছে । স্থানীয় নেতাজি সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের উদ্বোধনী ম্যাচে স্টার এ দল

স্টার বি দলকে ৬ উইকেটে পরাজিত করে । দিনের দ্বিতীয় খেলায় বাস স্ট্যান্ড ক্লাব অফ স্পোর্টস ২৩ রানে আলগাপুরের জি এল এস দলকে পরাজিত করেছে । প্রতিযোগীতায় আগামীকাল প্রথম খেলায় ব্লাড মাউথ ক্লাব খেলবে রাইজিং ইয়ং স্টারের বিরুদ্ধে এবং দ্বিতীয় খেলায় ইয়ং ম্যান এথেলেটিক ক্লাব খেলবে মায়া দলের বিপক্ষে ।